

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
এডিবি-১ শাখা
শেরে বাংলা নগর, ঢাকা
www.erd.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি


২৮ সেপ্টেম্বর ২০১৬

আজ ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখে বাংলাদেশ সরকার এবং এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)-এর মধ্যে Loan 3301-BAN: Railway Rolling Stock Project-এর জন্য ২০০.০০ মিলিয়ন মার্কিন ডলার ঋণের ঋণচুক্তি অর্থনৈতিক সম্পর্ক বিভাগে স্বাক্ষরিত হয়েছে। বাংলাদেশের পক্ষে জনাব সাইফুদ্দিন আহমদ, যুগ্ম-সচিব (এডিবি অনুবিভাগ প্রধান), অর্থনৈতিক সম্পর্ক বিভাগ এবং এডিবি'র পক্ষে Mr. Yoshinobu Tatewaki, Officer-in-Charge and Unit Head, Portfolio Management, বাংলাদেশ আবাসিক মিশন (বিআরএম), এডিবি উক্ত ঋণচুক্তিতে স্বাক্ষর করেন। ঋণচুক্তি স্বাক্ষরকালে বাংলাদেশ সরকার ও এডিবি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

রেলপথ মন্ত্রণালয় এ প্রকল্পের উদ্যোগী মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ে বাস্তবায়নকারী সংস্থা। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ২৯৪.০০ মিলিয়ন ডলার। তন্মধ্যে এডিবি ২০০.০০ মিলিয়ন ডলার অর্ডিনারী ক্যাপিটেল রিসোর্সেস (ওসিআর) ঋণ প্রদান করবে। অবশিষ্ট ব্যয় বাংলাদেশ সরকারের নিজস্ব খাত হতে অর্থায়ন করা হবে। এ লক্ষ্যে (১) “বাংলাদেশ রেলওয়ের জন্য মিটার গেজ ও ব্রড গেজ প্যাসেঞ্জার ক্যারেজ সংগ্রহ” এবং (২) “বাংলাদেশ রেলওয়ের জন্য লোকোমোটিভ, রিলিফ ট্রেন এবং লোকোমোটিভ সিমুলেটর সংগ্রহ”-শীর্ষক দু'টি ডিপিপি জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) কর্তৃক ইতোমধ্যে অনুমোদিত হয়েছে।

এ প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশ রেলওয়ের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ২৫০ টি যাত্রীবাহী কোচ, ১০টি ডিজেল চালিত লোকোমোটিভ, ৪টি রিলিফ ট্রেন, ২টি ট্রেন ওয়াশিং প্লান্ট এবং লোকো-মাস্টার ট্রেনিং এর জন্য ১টি সিমুলেটর সংগ্রহ করা। এর ফলে আধুনিক, নিরাপদ ও মানসম্পন্ন যাত্রীবাহী গাড়ী পরিচালনার মাধ্যমে যাত্রীসেবা প্রদান, পুরাতন ও মেয়াদ উত্তীর্ণ গাড়ী প্রতিস্থাপন, যাত্রীবাহী গাড়ীর স্বল্পতা দূরীকরণ, ট্রেন পরিচালনার ক্ষেত্রে সময়ানুবর্তিতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ, ভ্রমণ সময় কমিয়ে আনা, নতুন ট্রেন পরিচালনার মাধ্যমে যাত্রী সাধারণের চাহিদা বৃদ্ধি করা এবং রেলওয়ের রাজস্ব আয় বৃদ্ধি করা সম্ভব হবে।

এডিবি প্রদত্ত ওসিআর ঋণ ৫ বছর গ্রেস পিরিয়ডসহ ২৫ বছরে পরিশোধযোগ্য। সুদের হার LIBOR (London Inter Bank Offered Rate) +০.৫% (স্প্রেড) ও ম্যাচুরিটি প্রিমিয়াম ০.১%। তাছাড়াও অবিতরণকৃত ঋণের উপর ০.১৫% কমিটমেন্ট চার্জ আরোপ হয়। ১৯৭৩ সালে বাংলাদেশ এডিবি'র সদস্য হওয়ার পর থেকেই প্রতিষ্ঠানটি বাংলাদেশের অন্যতম উন্নয়ন সহযোগী হিসাবে বাংলাদেশকে সহায়তা প্রদান করে আসছে। এ পর্যন্ত বাংলাদেশকে প্রদত্ত এডিবি'র ঋণ সহায়তার পরিমাণ প্রায় ১৬.০০ বিলিয়ন মার্কিন ডলার।


২৮/০৯/২০১৬

মোসাঃ রাবেয়া আকতার
সিনিয়র সহকারী সচিব
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার